# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২২ জানুয়ারি, ২০০৩ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড |
| সভাপতি | ঃ | কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | | |
|---|---|---|---|
| (১) | ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন<br>অধিনায়ক<br>বিএনএস হাজী মহসিন<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (২) | উইং কমান্ডার এম আল্-আমিন তালুকদার, পিএসসি<br>প্রতিনিধি(প্রশাসনিক শাখা)<br>বিমানবাহিনী ঘাঁটি বাশার<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ<br>৩৪৬, বারিধারা ডিওএইচএস<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৪) | জনাব মোঃ মশিউর রহমান<br>ম্যাজিষ্ট্রেট, ঢাকা কালেক্টরেট<br>জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা এর প্রতিনিধি। | -- | সদস্য |

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে এবং সভার কার্যক্রমে সম্মানিত সদস্যবৃন্দের সহযোগিতা কামনা করে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

প্রস্তাব নং-১ ঃ বিগত ১১ ডিসেম্বর, ২০০২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিগত ১১ ডিসেম্বর, ২০০২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

প্রস্তাব নং-২ ঃ নভেম্বর ও ডিসেম্বর, ২০০২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ নভেম্বর ও ডিসেম্বর, ২০০২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০০-২০০১ আর্থিক সালের অডিট আপত্তির জবাব (বিএসআর) অবহিত হওয়া ও অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০০-২০০১ আর্থিক সালের অডিট আপত্তির জবাব (বিএসআর) অবহিত হওয়াসহ অনুমোদন করা হলো। বিধি মোতাবেক পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নভেম্বর ও ডিসেম্বর, ২০০২ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নভেম্বর ও ডিসেম্বর, ২০০২ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৫ ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে একজন পুরুষ স্টাফ নার্স ও একজন ওয়ার্ডবয় এর পদ সৃষ্টির ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। উক্ত ব্যাপারে চীফ মেডিক্যাল অফিসার, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল এর ০৮ জানুয়ারি, ২০০৩ তারিখের পত্রখানা প্রপোজিশন স্টেইটমেন্টসহ বোর্ডসভায় উপস্থাপন করা হল।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবটির উপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় যে, ইতোপূর্বে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে অস্থায়ীভাবে মাষ্টার রোলে নিয়োগকৃত কর্মচারীদের কর্মদক্ষতা নিরূপনের লক্ষ্যে আরো ০৬(ছয়) মাস পর্যবেক্ষণ করা হোক। পরবর্তীতে পদ সৃষ্টির ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

প্রস্তাব নং-৬ ঃ ৫৭ (সাতান্ন) বছর বয়স পূর্তির পর হতে চাকুরীর মেয়াদকাল আরো বর্ধিতকরণের ব্যাপারে জনাব মোঃ আজগর হোসেন চৌধুরী, প্রধান শিক্ষক আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী এর ০১ জানুয়ারি, ২০০৩ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। আবেদনপত্রখানা সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ জনাব মোঃ আজগর হোসেন চৌধুরী, প্রধান শিক্ষক, আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী, ঢাকা সেনানিবাস -এর আবেদনের উপর বিস্তারিত আলোচনান্তে চাকরির মেয়াদকাল আরো ২(দুই) বছর বর্ধিতকরণের বিষয়ে নীতিগতভাবে অনুমোদন করা হলো। সরকারী বিধি মোতাবেক চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবনাটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৭ ঃ ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের পিছনে নতুন ভবন নির্মাণস্থলে ০১(এক)টি অর্জুন, ০২(দুই) টি লিচু ও ০১(এক)টি আম গাছের ডালা বিক্রির জন্য ২৮ নভেম্বর, ২০০২ তারিখে নিলাম ডাক অনুষ্ঠিত হয়। উক্ত নিলামে ১৩(তের) জন ডাককারী অংশগ্রহণ করেন। তন্মধ্যে জনাব জিয়াউল আমিন, ২১০ কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস কর্তৃক ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকার প্রদত্ত ডাক সর্বোচ্চ হয়। সর্বোচ্চ ডাক অনুমোদনের জন্য সংশ্লিষ্ট নথিটি সভায় পেশ করা হলো। উল্লেখ্য যে, সভায় অনুমোদন প্রাপ্তির পর তা চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হবে।

গৃহীত সিদ্ধান্ত ঃ জনাব জিয়াউল আমিন, ২১০, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস কর্তৃক সর্বোচ্চ ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকার নিলাম ডাকটি কম বিবেচিত হওয়ায় পুনঃনিলাম আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৮ ঃ শহীদ বাশার রোডের উভয় পার্শ্বে ফুলের বেড তৈরী করার জন্য ৩৫ (পয়ত্রিশ) ট্রাক ভিটি মাটি সরবরাহের নিমিত্তে ১২ ডিসেম্বর, ২০০২ তারিখে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড মহোদয় কর্তৃক মিনিটশীটের মাধ্যমে ক্রয়ের অনুমোদনের ভিত্তিতে ২৩ ডিসেম্বর, ২০০২ তারিখে দরপত্র আহ্বান করা হলে ০৩(তিন) টি ফার্ম কর্তৃক দরপত্র দাখিল করা হয়। প্রাপ্ত ০৩(তিন)টি দরপত্রের মধ্যে মেসার্স জি এম ট্রেডার্স কর্তৃক প্রদত্ত দর প্রতি ট্রাক ১,৪০০/- (এক হাজার চারশত) টাকা হিসেবে সর্বমোট ৪৯,০০০/- (উনপঞ্চাশ হাজার) টাকার দরপত্রটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দরপত্রটি অনুমোদনের জন্য সভায় পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবটির উপর বিস্তারিত আলোচনান্তে মেসার্স জি এম ট্রেডার্স কর্তৃক প্রদত্ত সর্ব নিম্ন দর প্রতি ট্রাক ১,৪০০/- (এক হাজার চারশত) টাকা হিসাবে সর্বমোট ৪৯,০০০/- (উনপঞ্চাশ হাজার) টাকার দরপত্রটি সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উক্ত ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে নির্বাহ করতে হবে।

প্রস্তাব নং-৯ ঃ শহীদ বাশার রোডের উভয় পার্শ্বে ফুলসহ ১,৪৪০টি সালভিয়া চারা গাছ রোপণের জন্য সরবরাহের নিমিত্তে ১২ ডিসেম্বর, ২০০২ তারিখে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড মহোদয় কর্তৃক মিনিটশীটের মাধ্যমে ক্রয়ের অনুমোদনের ভিত্তিতে ২১ ডিসেম্বর, ২০০২ তারিখে দরপত্র আহ্বান করা হলে ০৩(তিন) টি ফার্ম কর্তৃক দরপত্র প্রদান করা হয়। তন্মধ্যে মেসার্স ধানমণ্ডি নার্সারী কর্তৃক প্রদত্ত প্রতিটি টবসহ চারা ৩০/- (ত্রিশ) টাকা হিসেবে সর্বমোট ৪৩,২০০/- (তেতাল্লিশ হাজার দুইশত) টাকার দরপত্রটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দরপত্রটি অনুমোদনের জন্য সভায় পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবটির উপর বিস্তারিত আলোচনান্তে মেসার্স ধানমন্ডি নার্সারী কর্তৃক প্রদত্ত প্রতিটি টপসহ চারা ৩০(ত্রিশ) টাকা হিসাবে সর্বমোট ৪৩,২০০/- (তেতাল্লিশ হাজার দুইশত) টাকার সর্বনিম্ন দর সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উক্ত ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে নির্বাহ করতে হবে।

প্রস্তাব নং-১০ ঃ শহীদ বাশার রোডের উভয় পার্শ্বে রোপণের জন্য ৯৫০টি ইনকা গাদা ও ৫৭০টি জাম্বু গাদা ফুলসহ চারা সরবরাহের জন্য ১২ ডিসেম্বর, ২০০২ তারিখে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড মহোদয় কর্তৃক মিনিটশীটের মাধ্যমে ক্রয়ের অনুমোদনের ভিত্তিতে ২২ ডিসেম্বর, ২০০২ তারিখে দরপত্র আহ্বান করা হলে ০৩(তিন) টি ফার্ম কর্তৃক দরপত্র প্রদান করা হয়। তন্মধ্যে মেসার্স কৃষিবিদ উপকরণ নার্সারী কর্তৃক প্রতিটি ইনকা টবসহ ৩০/- (ত্রিশ) টাকা ও জাম্বু গাদা টবসহ প্রতিটি ৩০/- (ত্রিশ) টাকা হিসেবে সর্বমোট ৪৫,৬০০/- (পয়তাল্লিশ হাজার ছয়শত) টাকার প্রদত্ত দরপত্রটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দরপত্রটি অনুমোদনের জন্য সভায় পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবটির উপর বিস্তারিত আলোচনান্তে মেসার্স কৃষিবিদ উপকরণ নার্সারী কর্তৃক প্রতিটি ইনকা টবসহ ৩০(ত্রিশ) টাকা ও জাম্বু গাদা টবসহ প্রতিটি ৩০(ত্রিশ) টাকা হিসাবে সর্বমোট ৪৫,৬০০/- (পঁয়তাল্লিশ হাজার ছয়শত) টাকার সর্বনিম্ন দর সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উক্ত ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে নির্বাহ করতে হবে।

চলমান পাতা-৪

প্রস্তাব নং-১১ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৬৭ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর দলিল সম্পাদন পূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে ক্রেতা (১) জনাব সাইফুল আহমেদ চৌধুরী (২) মিসেস ফারজানা চৌধুরী (৩) আলহাজ্ব রফিকুল হায়দার চৌধুরী (কামাল) এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ । গত ১১ ডিসেম্বর ২০০২ তারিখের ১১নং সিদ্ধান্তের প্রেক্ষিতে এ ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব শাখার সুপারিশ উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে অত্র দপ্তরের সকল পাওনাদি গ্রহণপূর্বক ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৬৭ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি (১) জনাব সাইফুল আহমেদ চৌধুরী (২) মিসেস ফারজানা চৌধুরী (৩) আলহাজ্ব রফিকুল হায়দার চৌধুরী (কামাল) এর নামে নামজারী করার ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১২ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৪২/এ নং প্লটে নির্মিত বাড়ীর ৭নং ফ্ল্যাটটি দলিল সম্পাদন পূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে ক্রেতা জনাব খাজা আফসার হাসান এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ । গত ১১ ডিসেম্বর ২০০২ তারিখের ১২ নং সিদ্ধান্তের প্রেক্ষিতে এ ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব শাখার সুপারিশ উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে অত্র দপ্তরের সকল পাওনাদি গ্রহণপূর্বক ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৪২/এ নং প্লটে নির্মিত বাড়ীর ৭ নং ফ্ল্যাটটি জনাব খাজা আফসার হাসান এর নামে নামজারী করার ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৩ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৭৯ নং প্লটে নির্মিত বাড়ীর এ/১নং ফ্ল্যাটটি দলিল সম্পাদন পূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে ক্রেতা বেগম শামীমা তৌহিদ, স্বামী-মীর জহিরুল তৌহিদ এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। গত ১১ ডিসেম্বর ২০০২ তারিখের ১৩ নং সিদ্ধান্তের প্রেক্ষিতে এ ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব শাখার সুপারিশ উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে অত্র দপ্তরের সকল পাওনাদি গ্রহণপূর্বক ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৭৯ নং প্লটে নির্মিত বাড়ীর এ/১নং ফ্ল্যাটটি বেগম শামীমা তৌহিদ, স্বামী-মীর জহিরুল তৌহিদ এর নামে নামজারী করার ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৪ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৭২ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক বেগম রাজিয়া সুলতানার মৃত্যুজনিত কারণে তার উত্তরাধিকারীদের নামে বাড়ীটির নামজারী/রেকর্ড পরিবর্তনের জন্য আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ । গত ১১ ডিসেম্বর ২০০২ তারিখের ৩৮ বিবিধ-(২) নং সিদ্ধান্তের প্রেক্ষিতে এ ব্যাপারে অত্র দপ্তরের রাজস্ব শাখার সুপারিশ উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে উক্ত বাড়ীর মালিক বেগম রাজিয়া সুলতানার মৃত্যু জনিত কারণে তার উত্তরাধিকারীদের (১) জনাব শেখ হাশমত আলী, (২) জনাব আলী করিম, (৩) জনাব আলী ইরতেজা ও (৪) মিসেস জিনাত সুলতানা এর নামে নামজারীর/রেকর্ড পরিবর্তনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৫ ঃ ক্যান্টনমেন্ট সদর মহাখালী এলাকাস্থ ২৩ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি জনাব রেজাওয়ানুর রহমানের নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ । এ বিষয়ে বাড়ীর মালিক জনাব মওদুদুর রহমানের ০১ ডিসেম্বর, ২০০২ তারিখের হেবা/দানকৃত হলফনামা ও আবেদনসহ গত ১১ ডিসেম্বর ২০০২ তারিখের ৩৮ বিবিধ-(৪) নং সিদ্ধান্তের প্রেক্ষিতে এ ব্যাপারে অত্র দপ্তরের রাজস্ব শাখার সুপারিশ উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে সরকারের বর্তমান প্রচলিত নির্ধারিত টাকার স্ট্যাম্পে হেবা/দানকৃত হলফ নামা সম্পাদন না করার কারণে এ ব্যাপারে কোন সিদ্ধান্ত গ্রহণ করা গেল না।

প্রস্তাব নং-১৬ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৬৭/সি নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটির মালিক (১) মিসেস মাহমুদা ইসলাম (২) জনাব এ কে এম মাহবুবুর রহমান (৩) জনাব এ কে এম মাহকসুদুর রহমান (৪) জনাব মোঃ মজিবুর রহমান (৫) মিসেস সেতারা ইসলাম (৬) মিসেস রওশন আরা ইসলাম (৭) মোঃ মশিউর রহমান উক্ত বাড়ীটি (১) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ মোস্তফা কামাল (২) ডাঃ আলী আশকার কোরেশী-এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ । এ ব্যাপারে বাড়ীর মালিকদের আবেদন ও প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র এবং অত্র দপ্তরের আইন উপদেষ্টার মতামত উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে অত্র দপ্তরের সকল পাওনাদি গ্রহণপূর্বক ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৬৭/সি নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটির মালিক (১) মিসেস মাহমুদা ইসলাম (২) জনাব এ কে এম মাহবুবুর রহমান (৩) জনাব এ কে এম মাহকসুদুর রহমান (৪) জনাব মোঃ মজিবুর রহমান (৫) মিসেস সেতারা ইসলাম (৬) মিসেস রওশন আরা ইসলাম (৭) মোঃ মশিউর রহমান এর আবেদনের প্রেক্ষিতে উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি (১) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ মোস্তফা কামাল (২) ডাঃ আলী আশকার কোরেশী-এর নিকট প্লটটি অবিভক্ত অবস্থায় বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৭ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের বাৎসরিক ভিত্তিতে অস্থায়ীভাবে বরাদ্দকৃত ডি/৮১-১ , ডি/৮১-২ এবং কর্মকার ১৩/১৫ নং দোকানের ইজারা মেয়াদ ০১ ফেব্রুয়ারী , ২০০৩ তারিখ হতে পরবর্তী ০১(এক) বৎসরের জন্য সময় বর্ধিত করণের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। সংশ্লিষ্টি দোকান মালিকদের আবেদনপত্র নথিসহ উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে জানা গিয়েছে যে, বিগত ৩১ মার্চ, ১৯৯৬ সালের রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান বরাদ্দ লাভকারীদের মাসিক দোকান ভাড়া নির্ধারণ করা হয়েছিল। ফলে উক্ত দোকানভাড়া বৃদ্ধি করা বোর্ড সমীচীন বলে মনে করে। এ ব্যাপারে বাজার কমিটির সহযোগী সদস্যগণের সমন্বয়ে সভা আহ্বান করে কি হারে দোকান ভাড়া বৃদ্ধি করা যায় সংশ্লিষ্ট বিষয়ে বাজার কমিটির একটি স্বয়ংসম্পূর্ণ সিদ্ধান্ত পরবর্তী বোর্ডসভায় পেশ করার জন্য সিইও, ঢাকাকে অনুরোধ করা হলো। এ ছাড়া সংশ্লিষ্ট বাজারের সম্পূর্ণ অস্থায়ীভাবে বরাদ্দকৃত ডি/৮১-১, ডি/৮১-২ এবং কর্মকার ১৩/১৫ নং দোকানের ইজারা মেয়াদ ০১ ফেব্রুয়ারি, ২০০৩ হতে পরবর্তী ১(এক) বছরের জন্য বর্ধিত করার ব্যাপারে পরবর্তী বোর্ডসভায় পেশ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৮ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২১নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর এ-৪নং ফ্ল্যাটটি দলিল সম্পাদন পূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে ক্রেতা ডাঃ সানজিতা আখতার, স্বামী-ডাঃ মোঃ রেজাউল করিম এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব শাখার সুপারিশ উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে অত্র দপ্তরের সকল পাওনাদি গ্রহণপূর্বক ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২১নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর এ-৪নং ফ্ল্যাটটি ডাঃ সানজিতা আখতার, স্বামী-ডাঃ মোঃ রেজাউল করিম এর নামে নামজারী করার ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৯ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২৯ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর বি/৩ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদন পূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে ক্রেতা উইঃ কমান্ডার সাকেব ইকবাল খান মজলিশ, পিতা-এম বি খান মজলিস এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র এবং অত্র দপ্তরের রাজস্ব শাখার সুপারিশ উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে অত্র দপ্তরের সকল পাওনাদি গ্রহণপূর্বক ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২৯ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর বি/৩ নং ফ্ল্যাটটি উইঃ কমান্ডার সাকেব ইকবাল খান মজলিশ, পিতা-এম বি খান মজলিস এর নামে নামজারী করার ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২০ ঃ ঢাকা সেনানিবাস এলাকায় ইতোপূর্বে পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত প্রতি বর্গফুট হোর্ডিংবোর্ডের জন্য ৬৫.০০ টাকা প্রাপ্ত সর্বোচচ দরে নিম্নবর্ণিত ফার্মের হোর্ডিং বোর্ড স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

| ক্রমিক নং | বিল/সাইন বোর্ড স্থাপনকারী সংস্থা | প্রাধিকার | ইজারার মেয়াদকাল | হোর্ডিং বোর্ডের সংখ্যা | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | মেজর (অবঃ) এ কে এম হামিদুর রহমান চৌধুরী, পরিচালক ইন্টারলিংক এ্যাড ৫৭৯, পেয়ারাবাগ, বড় মগবাজার ঢাকা। | সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের পত্র নং-৩৯১৭/৬/ ঢাকা -২ /এমকিউ -২ তারিখঃ ০৪/৯/২০০২। | ০১/২/২০০৩ হতে ৩১/১/২০০৪ | ৪টি সাইনবোর্ড। | নিউ এয়ারপোর্ট রোর্ডের ষ্টাফ রোড হতে জোয়ার সাহারা ট্রানজিট ক্যাম্প পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে । | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক, কেন্দ্রিয় সার্কেল, ঢাকা সেনানিবাসের ০৪-৯-২০০২ তারিখের লাইসেন্স প্রাপ্ত। |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে এ ব্যাপারে ঢাকা সিটি করপোরেশন কর্তৃক কি হারে বিল বোর্ড, হোর্ডিং বোর্ড এবং মেগাসাইন বোর্ড স্থাপনের অনুমতি দেয়া হয়ে থাকে সংশ্লিষ্ট বিষয়ে একটি প্রতিবেদনসহ উপরোক্ত প্রস্তাবটি পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৭

প্রস্তাব নং-২১ ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ স্থাপনের বিষয়ে অনুমতি চেয়ে জনাব মেজবাউজ্জামান, চীফ একজিকিউটিভ, মেসার্স ভলকান, বি-১০১ , ডিওএইচএস মহাখালী, ঢাকা কর্তৃক ১৯ অক্টোবর, ২০০২ তারিখে আবেদন করলে সংশ্লিষ্ট ডিওএইচএস-এর ছাড়পত্র প্রাপ্তির পর এ ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে ইন্টারনেট সংযোগ স্থাপনের বিষয়টি অনুমোদন করণ। প্রয়োজনীয় নথিসমূহ উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনান্তে অনুমোমদন করা হলো। এ ব্যাপারে ডিওএইচএস এলাকাসমূহে ইন্টারনেট সংযোগ স্থাপনের জন্য ইতোপূর্বে অনুমোদিত নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিইও, ঢাকাকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-২২ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনকরণ ঃ-

| | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | মন্তব্য |
|---|---|---|---|
| | বনানী ডিওএইচএস এলাকার উত্তরপার্শ্বে গলফক্লাব দেয়াল বরাবর বাকী অংশের আরসিসি পাইপ ড্রেন নির্মাণকরণ। | ১৮,৪৩,২৫০/- টাকা | গত ১১ ডিসেম্বর, ২০০২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ২৩ নং সিদ্ধান্তের প্রেক্ষিতে। |
| ২। | মহাখালী এবং বনানী ডিওএইচএস এলাকার সর্বমোট ৪১+২০ = ৬১ টি স্পীড ব্রেকার মার্কিংকরণ। | (ক) রং ক্রয় ২৫,৯৬৬/- ।।<br>(খ) লেবার চার্জ ৮,২৮২/- ।।<br>মোট = ৩৪,২৪৮/- ।। | সেক্রেটারী, ডিওএইচএস মহাখালী এসোসিয়েশনের ০৪/৯/০২ তারিখের পত্রটি সভায় পেশ করা হলো। |
| ৩। | শহীদ রমিজ উদ্দিন কলেজের পার্শ্ববর্তী শহীদ মান্নান লাইনস্থ ১০(দশ)টি বাসার মেরামত ও সংস্কার কাজ। | ১,৯৪,৪৮২/- ।। | ২০০২-২০০৩ আর্থিক সালের অগ্রাধিকার ভিত্তিতে বাছাইকৃত প্রকল্পের তালিকা হতে। |
| ৪। | রজনীগন্ধা সুপার মার্কেট হতে এয়ার হাউসের পিছন পর্যন্ত রিক্সা পথে নিরাপত্তা বাতি স্থাপনের নিমিত্তে তার ও প্রয়োজনীয় ফিটিংস্ সরবরাহ ও স্থাপন। | ৯৪,৩৬৭/-।। | ।। |
| ৫। | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংকের মেরামত ও রং চুনাসহ জলছাদ নির্মাণকরণ। | ১,৬২,০১২/- ।। | ।। |
| ৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ বাসা নং-৯৬ এর একটি রুম বর্ধিতকরণ। | ৪৯,৭৪৬/- ।। | সংশ্লিষ্ট কর্মচারীর ১৪/১/০৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে। |
| ৭। | ক্যান্টনমেন্ট বোর্ড কোয়ার্টার নং-৬৫/এ এর নীচতলা ও উপর তলায় পানি সরবরাহের জন্য ১ হর্সপাওয়ার ক্ষমতা সম্পন্ন পানির পাম্প ও পানির লাইন স্থাপন। | ১৯,৪৬৬/- ।। | রক্ষণাবেক্ষন খাত হতে। |
| ৮। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার বাসা নং-৬৪/ই, ৬৪/এফ, ৬৪/আই, ৬৪/জি ও ৬৪/এইচ এর বৈদ্যুতিক রিওয়্যারিংকরণ। | ৮২,৫৭০/- ।। | ২০০২-২০০৩ আর্থিক সালের অগ্রাধিকার ভিত্তিতে বাছাইকৃত প্রকল্পের তালিকা হতে। |
| ৯। | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংকের অভ্যন্তরীণ বৈদ্যুতিক লাইন রিওয়্যারিংকরণ। | ১,০০,১০৭/-।। | ।। |

চলমান পাতা-৮

| ক | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | মন্তব্য |
|---|---|---|---|
| | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ বিদ্যুৎ উপ-কেন্দ্রের যন্ত্রপাতি মেরামত ও ওভারহোলিংকরণ। | ১,৭৫,০০০/- ।। | ।। |
| | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদীর ছাত্র-ছাত্রীদের পানি খাওয়ার জন্য ফেরোসিমেন্ট এর পানির ট্যাঙ্ক স্থাপনসহ প্রয়োজনীয় ফিটিংস ও নিষ্কাশন ব্যবস্থার কাজকরণ। | ১৮,৮০৩/- ।। | ।। |
| | বারিধারা ডিওএইচএস এলাকায় বিভিন্ন লেইনে ৩০ টি (২-০˝ x ৪-০˝) সাইন বোর্ড স্থাপন। | ১,১৩,৮২০/- ।। | এ ব্যাপারে ডিওএইচএস বারিধারা এসোসিয়েশনের সভাপতির সংশ্লিষ্ট পত্রটি সভায় পেশ করা হলো। |
| | বারিধারা ডিওএইচএস এলাকার প্রবেশপথে একটি রিফ্লেক্টিভ (৫-০˝ x ৩-০˝) দিকনির্দেশিকা নামফলক স্থাপন। | ১৪,৪১৫/- ।। | ।। |

্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

-২৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণ ঃ-

| কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | সিএমইএস (আর্মি)কর্তৃক ভেটিংকৃত দর |
|---|---|---|---|---|
| ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের কেবিন সংস্কার/মেরামত ও রংকরণ কাজ। | ৭,০৯,৫৯৯/- টাকা | মেসার্স শরীফ এন্ড সন্স | ২৮.৫১% নিম্নে | - |
| মানিকদী স্টাফ কোয়ার্টারের ছাদে পিসিসকরণ। | ৫৬,৯১২/- ।। | ঢাকা কন্সট্রাকশন | ৩৩.০০% উর্ধ্বে | ১৯.০০% উর্ধ্বে |
| ক্যান্টনমেন্ট এক্‌জিকিউটিভ অফিসারের বাসভবন এবং ৬৪/এ স্টাফ কোয়ার্টারের ঝুঁকিপূর্ণ গ্যাস লাইন বদলকরণ। | ৩৭,৯৬৬/- ।। | মেসার্স খান ট্রেডার্স | ১৩.০০% উর্ধ্বে | ০৭.০০% উর্ধ্বে |
| ঢাকা সেনানিবাসের কবরস্থানের মাস্টারপ্ল্যান ও কন্টুর ম্যাপ তৈরীকরণের কনস্যালটেন্সী কাজ। | ২৮,০০০/- ।। | ইউনিট কনসালটিং সার্ভিসেস | ২৮,০০০/- টাকা | ২৫,০০০/- টাকা |

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | সিএমইএস (আর্মি)কর্তৃক ভেটিংকৃত দর |
|---|---|---|---|---|---|
| । | ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ৭ নং রোডের পশ্চিম প্রান্তে ৩য় শ্রেণীর স্টাফ কোয়ার্টারের ৪র্থ ও ৫ম তলা নির্মাণের ড্রয়িং ও কনসালটেন্সী কাজ। | ১২,০০০/- ।। | ।। | ১১,৯৫০/- ।। | ১১,০০০/- ।। |
| । | ক্যান্টনমেন্ট বোর্ড অফিস বিল্ডিং বর্ধিতকরণের নকশা ও কনসালটেন্সী কাজ। | ১০,০০০/- ।। | ।। | ৯,৯৯৫/- ।। | ৯,৫০০/- ।। |
| । | শহীদ রমিজ উদ্দিন কলেজের ৩য় তলায় ০৩(তিন)টি শ্রেণীকক্ষ নির্মাণের নকশা ও কনসালটেন্সী কাজ। | ১৫,০০০/- ।। | ।। | ১৪,৯৯০/- ।। | ১৪,৫০০/- টাকা |
| । | বারিধারা ডিওএইচএস এলাকায় মসজিদের ইমামের কোয়ার্টার নির্মাণ কাজের কনসালটেন্সী ও সয়েল টেস্ট কাজ। | সয়েল টেস্ট-২০,০০০/-<br>ড্রয়িংও ডিজাইন-১৫,০০০/-<br>৩৫,০০০/- টাকা | ।। | সয়েল টেস্ট-২০,০০০/-<br>ড্রয়িংও ডিজাইন-১৪,৯৫০/-<br>৩৪,৯৫০/- টাকা | ৩৪,০০০/- ।। |
| | ক্যান্টনমেন্ট বোর্ড অফিস নিয়ন্ত্রিত ৭ নং ভবনের (ডিএমএলএন্ডসি অফিস) সভাকক্ষ ও অফিসের জন্য আসবাবপত্র ক্রয়। | ১,৫৭,৫০০/- ।। | এস আলম এন্টারপ্রাইজ | ২৫.০০% উর্ধ্বে | ২২.৫০% উর্ধ্বে |
| | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ৮৭ নং বাড়ীর দোতলা মেরামত কাজ। | ৪৯,৭৫০/- ।। | মেসার্স জি এম ট্রেডার্স | ২৭.৫০% উর্ধ্বে | ২০.০০% উর্ধ্বে |

সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। বর্তমানে চলমান এমইএস এর অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রেখে ০৮(আট)টি কাজের সর্বনিম্ন দর নির্ধারণ করা হয়েছে। সিএমইএস আর্মি কর্তৃক ভেটিংকৃত ক্রমিক নং ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০ = ০৮(আট)টি কাজের নিম্নবর্ণিত দরসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। উক্ত ০৮(আট)টি কাজের ক্ষেত্রে অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে তাদের নিকট হতে সম্মতিপত্র গ্রহণপূর্বক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে ব্যয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ দেয়া হোক ঃ-

(৩) ০৭% উর্ধ্ব দর অনুমোদিত।

(৪) ২৫,০০০/- টাকার দর অনুমোদিত।

(৫) ১১,০০০/- টাকার দর অনুমোদিত।

(৬) ৯,৫০০/- টাকার দর অনুমোদিত।

(৭) ১৪,৫০০/- টাকার দর অনুমোদিত।

(৮) সয়েল টেস্টসহ ড্রয়িং ও ডিজাইনের জন্য সর্বমোট ৩৪,০০০/- টাকার দর অনুমোদিত।

(৯) ২২.৫০% উর্ধ্ব দর অনুমোদিত।

(১০) ২০% উর্ধ্ব দর অনুমোদিত।

ক্রমিক নং ১ -এ বর্ণিত কাজের ব্যাপারে ঠিকাদার কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর বাস্তবসম্মত নয় বিধায় ভেটিং করা হয়নি। কিন্তু উক্ত কাজের দরপত্র সিডিউলে যথাযথ তথ্য অনুর্ভূক্ত ছিল বিধায় বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ঠিকাদার কর্তৃক প্রদত্ত নিম্নোক্ত সর্বনিম্ন দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ব্যয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ দেয়া হোক। তবে কেবিনগুলোতে রং এর পরিবর্তে টাইলস্ লাগানোর জন্য উক্ত টাকার মধ্যে সংকুলান করে মূল্যানুমান সংশোধনপূর্বক ঠিকাদারের সম্মতি সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হোক।

(১) ২৮.৫১% নিম্ন দর (ঠিকাদার কর্তৃক প্রদত্ত) অনুমোদিত।

ক্রমিক নং-২ এ বর্ণিত কাজের ব্যাপারে আলোচনায় জানা যায় যে, গত ০২ অক্টোবর, ২০০২ তারিখে ০১ (এক) টি মাত্র দরপত্র পাওয়া যায়। উক্ত দরপত্রে মেসার্স এমএস বিজনেস এন্ড কন্ট্রাক্ট ০৫.০০(পাঁচ)% নিম্নে সর্বনিম্নে দর দাখিল করেন বিধায় ১১ ডিসেম্বর, ২০০২ তারিখে পুনঃদরপত্র আহ্বান করা হলে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে ঢাকা কনস্ট্রাকশন ৩৩.০০ (তেত্রিশ)% উর্ধ্বে সমর্বনিম্ন দর দাখিল করে এবং সি এম ই এস (আর্মি) কর্তৃক উক্ত দরের বিপরীতে ১৯.০০ (উনিশ)% ভেটিং করা হয়। সকল তথ্য পর্যালোচনা করে ঢাকা কনস্ট্রাকশনকে মেসার্স এম এস বিজনেস এন্ড কন্ট্রাক্ট কর্তৃক প্রদত্ত ০৫.০০(পাঁচ)% নিম্নে সংশ্লিষ্ট প্রকল্প কাজটি বাস্তাবায়নের লক্ষ্যে প্রস্তাব দেয়া হোক। সংশ্লিষ্ট ঠিকাদারের নিকট হতে সম্মতিপত্র এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ব্যয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ দেয়া যেতে পারে।

প্রস্তাব নং-২৪ ঃ ক্যান্টনমেন্ট এলাকার যানবাহন সংকেত বাতির রক্ষণাবেক্ষণের নিমিত্তে প্রতি পয়েন্ট সংকেত বাতি সাধারণ মেরামত বাবদ মাসিক ৭০০/- (সাতশত) টাকার দর ২০০২-২০০৩ আর্থিক সালের জন্য নবায়ন প্রসংগে বোর্ডের কারিগরী সদস্য সিএমইএস (আর্মি) এর ০৪ আগস্ট, ২০০২ তারিখের ২০০০/সিবি/২৫/ই-২ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ সংশ্লিষ্ট পত্রটি অবহিত হওয়া গলো। বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট এলাকার ০৩ (তিন)টি যানবাহন সংকেত বাতির মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য সিএমইএস (আর্মি) এর পরামর্শ মোতাবেক ২০০২-২০০৩ আর্থিক সালে (০১ জুলাই, ২০০২ হতে ৩০ জুন, ২০০৩ পর্যন্ত সময়ের জন্য) প্রতি মাসে প্রতিটি ৭০০/- টাকা হিসাবে মাইক্রো ইলেকট্রনিক্সকে বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২৫ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন কাজের জামানতের টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। জামানত ফেরতযোগ্য কাজের তালিকা উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ জামানত ফেরতযোগ্য কাজের তালিকার উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। সংশ্লিষ্ট প্রকল্প/মেরামত কাজের দায়িত্বে নিয়োজিত প্রকৌশলী ও ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার যৌথভাবে প্রকল্প/মেরামত কাজগুলি সমাপ্তির ০১(এক) বছর পর কাজগুলির গুণগত মানের দিক থেকে যথাযথ ও ত্রুটিমুক্ত আছে বলে মতামত ব্যক্ত করায় এবং পরিদর্শন কমিটির মাধ্যমে কাজগুলি বুঝে নেয়ায় ফেরতযোগ্য নিম্নেবর্ণিত ১২ (বার)টি কাজের জামানত ফেরত প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

চলমান পাতা-১১

| ক্রমিক নং | কাজের বিবরণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|
| ১। | মহাখালী ডিওএইচএস এলাকার ইষ্টার্ণ রোডের উত্তর প্রান্ত হতে বনানী ডিওএইচএস এলাকার ইষ্টার্ণ রোডের দক্ষিণ প্রান্ত পর্যন্ত লিঙ্ক রোড ম্যাকাডামসহ সীলকোটকরণ। | রেজা কনস্ট্রাকশন লিঃ |
| ২। | কচুক্ষেত পুরান বাজার এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ডের ৪র্থ শ্রেণীর কর্মচারীদের বাসস্থানের নীচু এলাকা বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড কর্তৃক কর্তনকৃত মাটি দ্বারা ভরাটকরণ। | মেসার্স ইমেল এন্টারপ্রাইজ |
| ৩। | আদমজী ক্যান্টনমেন্ট কলেজে এবং ক্যান্টনমেন্ট বোর্ড অফিস সংলগ্ন বাসভবনের সামনে খেলাধুলার সরঞ্জামাদি (স্লিপার, সি-স) সরবরাহ ও স্থাপন। | মেসার্স জি এম ট্রেডার্স |
| ৪। | বনানী ডিওএইচএস এলাকার রোড নং-২, ৫, ৬, ১ ও ২ এর সংযোগ সড়ক এবং মসজিদ রোড (ইষ্টার্ণ রোড প্রধান সড়ক) ৫-০´´ প্রশস্ত করণসহ মেরামত ও কার্পেটিংকরণ। | মেসার্স হাবিব এন্ড ব্রাদার্স |
| ৫। | মহাখালী ডিওএইচএস এলাকার লেকের চতুর্দিকে রিটেইনিং ওয়ালসহ ফুটপাত নির্মাণকরণ। | মেসার্স বেঙ্গল ইঞ্জিনিয়ার্স কনস্ট্রাকশন ইউনিট। |
| ৬। | শহীদ সরণি এবং স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের প্রতিরক্ষা বাতির বৈদ্যুতিক পোল রংকরণ। | মেসার্স মনির এন্ড কোং |
| ৭। | সেনানিবাস কেন্দ্রীয় মসজিদের ঈদগাহ মাঠে হ্যালোজেন বাতির দ্বারা আলোকিতকরণসহ বাতি পুনঃ বিন্যাস ও অতিরিক্ত হ্যালোজেন বাতি সরবরাহ ও স্থাপন। | দি এসোসিয়েটস্ |
| ৮। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পিছনে ৪র্থ শ্রেণীর বাসস্থান কর্মচারীদের বাসস্থানে পানি ও গ্যাস লাইন পরিবর্তনকরণ। | মেসার্স হাবিব এন্ড সন্স কোং |
| ৯। | মহাখালী ডিওএইচএস এলাকায় ১৩২ নং প্লটের সামনের পার্কে গার্ডেন লাইট স্থাপনকরণ। | মেসার্স আলম ব্রাদার্স |
| ১০। | বারিধারা ডিওএইচএস এলাকায় নতুন স্থাপিত বৈদ্যুতিক পোলে নিরাপত্তা বাতি স্থাপন। | কসমিক ইঞ্জিনিয়ার্স |
| ১১। | সেনানিবাস্থ বনানী কবরস্থানে পানির লাইন স্থাপনকরণ। | মেসার্স কালাম ট্রেডার্স |
| ১২। | ঢাকা সেনানিবাসের স্বাধীনতা সরণি ও শহীদ সরণির ফুটপাতের পার্শ্বে রেলিং নির্মাণ। | মেসার্স এম আর এন্টারপ্রাইজ |

প্রস্তাব নং-২৬ ঃ ঢাকা সেনানিবাসের ডিওএইচএস ও বর্ধিত এলাকায় বাড়ী নির্মানের ১৪ (চৌদ্দ) টি নকশা বিল্ডিং বাই'ল অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হয়েছে। উক্ত নকশাসমূহ ঘটনোত্তর অনুমোদনের জন্য নিম্নে পেশ করা হলো ঃ-

| ক্রমিক নং | নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | কর্ণেল মোঃ মাহবুবুর রহমান ও মিসেস ফিরোজা নাসিম মেজবাহ গং | ৪৯২/৬ | বারিধারা ডিওএইচএস | |
| ২। | ক্যাপ্টেন মোঃ সাইফুল কবির | ৫১৬/৫ | ।। | |
| ৩। | লেঃ কর্ণেল মোঃ মিজানুল ইসলাম | ৪৫০/৩ | ।। | |
| ৪। | কর্ণেল মোহাম্মদ মোশাররফ হোসেন ও লেঃ কর্ণেল খন্দকার ওবায়দুল আনোয়ার | ২১৬ | ।। | |
| ৫। | গ্রুপ ক্যাপ্টেন এ এস এম মাহবুবুর রহমান (অবঃ) | ৪০৭ | ।। | সংশোধিত |
| ৬। | মিসেস রোকেয়া রহমান গং | ২০৫ | ।। | ।। |
| ৭। | এয়ার কমডোর জাহেদুল নবী চৌধুরী | ৫৪১ | ।। | ।। |

| মিক নং | নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| । | লেঃ কর্ণেল মুহাম্মদ দেলওয়ার হোসেন | ১৯৬ | ।। | ।। |
| | ব্রিঃ জেনাঃ আব্দুস সালাম চৌধুরী গং | ৪৮৮/এ | মহাখালী ডিওএইচএস | - |
| । | মিসেস রোকসানা হক | ৭৭/এ | বনানী ডিওএইচএস | সংশোধিত |
| । | মিসেস নাসরিন চৌধুরী | ৮১/এ | ।। | ।। |
| । | জনাব হারুন রশিদ | ৬০/বি | ক্যান্টঃ বাজার এলাকা | - |
| । | মিসেস আমিনা খাতুন | ২৮৩ (আংশিক) | মৌজা-ইব্রাহিমপুর | - |
| । | ওয়াটার গার্ডেন হোটেল | - | ঢাকা সেনানিবাস | - |

ীত সিদ্ধান্তঃ অবহিত হওয়াসহ ঘটনোত্তর অনুমোদন করা হলো।

স্তাব নং-২৭ বিবিধ-(১) ঃ

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনকরণ ঃ-

| মিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | মন্তব্য |
|---|---|---|---|
| | শহীদ রমিজ উদ্দিন কলেজের (স্কুল ও কলেজ) ভবনের রং চুনার কাজ। | ৪৭,৭৪৪/- টাকা | |
| | মিরপুর ডিওএইচএস এলাকার প্রথম ধাপের লেইনসমূহে ২০ টি প্লট নির্দেশিকা বোর্ড স্থাপন। | ৭৫,৮৮০/- ।। | |
| | ঢাকা সেনানিবাসস্থ আজিজ পল্লীর খেলাধুলার সরঞ্জামাদি মেরামত ও রংকরণসহ পার্কটি মেরামতকরণ। | (ক) মেরামত ও রংকরণ- ১১,৯০৮/- ।।<br>(খ) পার্ক গ্রীল দ্বারা ঘেরাওকরণ- ৬১,২৯৪/- ।। | |
| | ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের অফিস কোয়ার্টার মেরামত ও রংকরণ। | ৪৭,৭০৬/- ।। | |

ত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। উল্লেখ্য যে, ক্রমিক নং-৩(খ) এর জন্য বিস্তারিত নকশা প্রস্তুত করে উহা অনুমোদনের জন্য ভেটিংপূর্বক পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করা হোক। ক্রমিক নং-১, ২, ৩(ক) ও ৪ এর মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। তবে ক্রমিক নং-২ এর নির্দেশিকা বোর্ড স্থাপন জরুরী বিধায় বাজার দর যাচাইপূর্বক মালামাল ক্রয় করে বিভাগীয়ভাবে সম্পন্ন করা হোক।

ব নং-২৭ বিবিধ-(২) ঃ

বারিধারা ডিওএইচএস এলাকার জামে মসজিদের জন্য আর্থিক অনুদান বরাদ্দ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে সভাপতি, ডিওএইচএস এসোসিয়েশন, বারিধারার ২১ জানুয়ারি, ২০০৩ তারিখের সংশ্লিষ্ট পত্রটি উপস্থাপন করা হলো।

ত সিদ্ধান্ত ঃ সংশ্লিষ্ট পত্রটি অবহিত হওয়া গেল। বিস্তারিত আলোচনান্তে ২০০৩-২০০৪ আর্থিক সালের বাজেটে সংশ্লিষ্ট মসজিদের জন্য ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা অনুদান বরাদ্দের প্রস্তাব রাখা হোক।

স্তাব নং-২৭ বিবিধ- (৩) ঃ

বিভিন্ন বিষয়ে অধিনায়ক, বা নৌ জা, হাজী মহসিন এর ২১ জানুয়ারি, ২০০৩ তারিখের মেইন্ট-১১৮/ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত। সংশ্লিষ্ট পত্রটি উপস্থাপন করা হলো।

হীত সিদ্ধান্ত ঃ সংশ্লিষ্ট পত্রটি অবহিত হওয়া গেল। বিস্তারিত আলোচনান্তে -নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) **সেনানিবাস গোরস্থানের ফুটপাত ঃ-** ইতোমধ্যে ফুটপাত নির্মাণ কাজ শুরু করা হয়েছে। তবে এব্যাপারে প্রেসিডেন্ট ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার মহোদয় সরজমিনে পরিদর্শন করে পরবর্তী সিদ্ধান্ত দিবেন।

(খ) **মেইন রোড হতে নৌ-সদর/সেনানিবাস গোরস্থানে যাতায়াতের রাস্তা সংস্কারঃ-** ক্যান্টনমেন্ট বোর্ড ও বাংলাদেশ নৌ-বাহিনীর নিয়ন্ত্রণাধীন স্ব স্ব রাস্তা নির্মাণের পদক্ষেপ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যথানিয়মে গ্রহণ করবে।

(গ) **বারিধারা ডিওএইচএস লেইন-১৩ এর রাস্তা সংস্কারঃ-** সেনা কল্যাণ সংস্থার সাথে সমন্বয়পূর্বক জরুরী ভিত্তিতে রাস্তাটি মেরামত ও সংস্কারের পদক্ষেপ নেয়া হোক।

(ঘ) **মিরপুর-১৪ নং মোড় হতে নাবিক কলোনী ফরওয়ার্ড চেকপোস্ট পর্যন্ত অবৈধ দোকান উচেছদঃ-** এ বিষয়ে নৌ-বাহিনী কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(ঙ) **বারিধারা হতে গুলশান যাতায়াতের পথে টার্নিং প্রশস্তকরণঃ-** ঢাকা সিটি করপোরেশনের সাথে সমন্বয়পূর্বক কার্যক্রম গ্রহণ করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২/২/০৩

**( মোঃ আব্দুল্লাহ আল মামুন )**
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

২২/২/০৩

**(কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ)**
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস